

ক্যান্টনমেন্ট প্রশাসন
বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং- ২৩.২২.৭০১৮.০০২.৪৭.০১৭.২২-৬৮

১০ বৈশাখ, ১৪৩১ ব.
তারিখ: -----
২৩ এপ্রিল, ২০২৪ খ্রি.

“ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট প্রশাসন পরিচালিত বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর এ অবস্থিত স্থাপনার (কাঁচা বাজার, খোঁয়ার এবং গুপ ল্যাট্রিন) ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়-সূচী অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	স্থাপনার নাম	দরপত্রের মূল্য (অফেরযোগ্য)	দরপত্র বিক্রয়ের তারিখ	দরপত্র গ্রহণের তারিখ	সরকারি মূল্য (তিন বছরের গড়+১০%)	মন্তব্য
০১।	কাঁচা বাজার	১,৮০০/-	১ম পর্ব		৮,৬৫,৪৮০/-	
			০৯/০৫/২০২৪ পর্যন্ত	১২/০৫/২০২৪		
			২য় পর্ব			
			২০/০৫/২০২৪ পর্যন্ত	২১/০৫/২০২৪		
০১।	খোঁয়ার	৫০০/-	১ম পর্ব		৩,৪৮৩/-	
			০৯/০৫/২০২৪ পর্যন্ত	১২/০৫/২০২৪		
			২য় পর্ব			
			২০/০৫/২০২৪ পর্যন্ত	২১/০৫/২০২৪		
০৩।	গুপ ল্যাট্রিন	১০০/-	১ম পর্ব		--	
			০৯/০৫/২০২৪ পর্যন্ত	১২/০৫/২০২৪		
			২য় পর্ব			
			২০/০৫/২০২৪ পর্যন্ত	২১/০৫/২০২৪		

শর্তাবলী:

- ০১ জুলাই, ২০২৪ খ্রি. তারিখ হতে ৩০ জুন, ২০২৫ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য কাঁচা বাজার, খোঁয়ার এবং গুপ ল্যাট্রিন ইজারা দেয়া হবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে ‘সেনানিবাস সচিব, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস’-এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। সফল দরদাতাকে নিরাপত্তা জামানত হিসেবে অনুমোদিত দরের ৫% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা প্রদান করতে হবে যা ০১ (এক) বছরের জন্য সংশ্লিষ্ট তহবিলে সংরক্ষিত থাকবে।
- দরদাতার দরপত্র গ্রহিত হলে তা অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই জমা করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক দর বাতিল করা হবে।
- প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক পরপর ১ম ও ২য় পর্বে সংশ্লিষ্ট স্থাপনার (কাঁচাবাজার/খোঁয়ার/গুপ ল্যাট্রিন) সরকারি কাঙ্ক্ষিত মূল্য অপেক্ষা কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- বোর্ড অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট ঝুলিয়ে প্রচার করতে হবে।
- ইজারাদার কোনক্রমেই সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ইজারা গ্রহীতা নিয়মিতভাবে নিজ খরচে বাজার ও বাজার এলাকার পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ে সিডিউল বিক্রয় করা হবে, তবে দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের নির্ধারিত দিনে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর সেনানিবাসের নির্দিষ্ট বাঞ্চে দরপত্র দাখিল করা যাবে এবং ঐ দিনই দুপুর ১২.৩০ ঘটিকায় দরপত্র বাস্তব খোলা হবে।
- খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও স্থাপনার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- একই ব্যক্তি একাধিক স্থাপনার জন্য সিডিউল ক্রয় করতে পারবেন। প্রত্যেক স্থাপনার জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন প্রকার ঘসামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তৃপক্ষের কর্তৃত্বকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ইজারা সংক্রান্ত যে কোন জটিলতা দেখা দিলে তা ক্যান্টনমেন্ট আইন ও বিধি-বিধান এবং সরকারি এ সংক্রান্ত আইন ও বিধি-বিধানের আলোকে সমাধান করা হবে।
- ইজারার অনাদায়ী অর্থ সরকারী পাওনা হিসেবে ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ অনুযায়ী আইন ও বিধি বিধানের আলোকে আদায় করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্রের সম্পূর্ণ বা অংশবিশেষ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

২৩-০৪-২৪

মোঃ ময়নুল ইসলাম

সেনানিবাস সচিব

বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস

পার্বতীপুর, দিনাজপুর।